# Times Today BD

কাজী শহিদুল্লাহ তনয় | দেশজুড়ে | 20 April, 2025

আশুলিয়ায় পারিবারিক কলহের জেরে নারী পোশাক শ্রমিক মোছাঃ রোকসানা আক্তার (২৫) কে হত্যার পর আগুন দিয়ে পুড়িয়ে দেওয়ার খবর পাওয়া গেছে।লাশ উদ্ধার করে থানায় নিয়ে আসে পুলিশ।

রোববার (২০ই এপ্রিল) আশুলিয়া থানার অফিসার ইনচার্জ (ওসি তদন্ত) মোস্তফা কামাল পোশাক শ্রমিক নিহতের বিষয়ে নিশ্চিত করেন।তবে ঘটনার পর থেকে স্বামী বাবুল আক্তার পলাতক রয়েছে।প্রাথমিক ভাবে নিহতের বিস্তারিত পরিচয় পাওয়া যায়নি।তবে তারা দুজনে টংগাবাড়ি কালাম মাদবরের বাসায় ভাড়া থেকে স্থানীয় পোশাক কারখানায় কাজ করতেন।

স্থানীয়রা জানান, আশুলিয়ার  টংগাবাড়ি কালাম মাদবরের বাসায় স্বামী স্ত্রী পরিচয়ে দুজন বাসা ভাড়া করে থাকতো।সকালে রুমের ভিতর আগুন দেখতে পেয়ে প্রতিবেশীরা এগিয়ে আসে।পরে কক্ষের ভিতর পোশাক শ্রমিক রোকসানার লাশ দেখতে পেয়ে পুলিশকে খবর দেয়। পরে পুলিশ এসে লাশ উদ্ধার করে থানায় নিয়ে আসে।

আশুলিয়া থানার অফিসার ইনচার্জ (ওসি তদন্ত) মোস্তফা কামাল বলেন, প্রাথমিকভাবে মনে হচ্ছে হত্যার পর কাপর দিয়ে পেঁচিয়ে আগুন লাগিয়ে দিয়ে পালিয়ে যায় তার স্বামী। আশেপাশের মানুষ আগুন নিভিয়ে পুলিশকে খবর দেয়। লাশ ময়নাতদন্তের জন্য ঢাকার সোহরাওয়ার্দী মেডিকেল কলেজ হাসপাতালের মর্গে পাঠানো হবে। তবে ধারনা করা হচ্ছে পারিবারিক কলহের জের ধরে হত্যার পর আলামত নষ্ট করার জন্য আগুনে পুড়িয়ে দেওয়ার চেষ্টা ছিল।গলায় ধারালো অস্ত্রের আঘাত চিহ্ন রয়েছে।

পুলিশ আশুলিয়া পোশাক শ্রমিক

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 28 June, 2025 23:32

URL: https://www.timestodaybd.com/across-the-country/1102775807